জীবননগরে গ্রামীণ অবকাঠামো উন্নয়নের চেক বিতরণ

গ্রামীণ অবকাঠামো উন্নয়নে চুয়াডাঙ্গার জীবননগরে মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, ঈদগাসহ বিভিন্ন প্রকল্পের কাজের চেক বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে জীবননগর উপজেলা হল রুমে দুর্যোগ ব্যবস্থাপনা অফিসের আয়োজনে এ চেক বিতরণ করা হয়।

গ্রামীণ অবকাঠামো উন্নয়নে চুয়াডাঙ্গার জীবননগরে মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, ঈদগাসহ বিভিন্ন প্রকল্পের কাজের বরাদ্দকৃত চেক বিতরণ করা হয়। ৭২টি প্রকল্পের ৪৫ লাখ টাকার চেক বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান, পৌর মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক জাহাঙ্গীর আলম প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন উপজেলা প্রকল্প কমকতা মোঃ মিজানুর রহমান।